রাজশাহী ক্যাডেট কলেজে ৭ম শ্রেণিতে ভর্তি সংক্রান্ত পরিবর্তিত নির্দেশনা

১। রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলায় কোভিড-১৯ এর প্রাদুর্ভাব আশংকাজনক হারে বৃদ্ধি পাওয়ায় অদ্য ৩১ মে ২০২১ তারিখে অত্র কলেজে ৭ম শ্রেণিতে ভর্তি সংক্রান্ত পরিবর্তিত নির্দেশনা নিম্নরূপ ঃ

ক। **সকলের জন্য প্রযোজ্য:**

(১) সকল ক্যাডেটের ভর্তি কার্যক্রম (প্রয়োজনীয় কাগজপত্র এবং আর্থিক লেনদেন) ই-মেইলে প্রেরণ এবং অনলাইন ব্যাংকে জমার মাধ্যমে ০১-০৭ জুন ২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

(২) যারা ০১-০৭ জুন ২০২১ তারিখের মধ্যে রাজশাহী ক্যাডেট কলেজে স্বশরীরে আসতে পারবেন তারা কলেজে এসেই কাগজপত্র জমা দিতে পারবেন।

(৩) যারা ০১-০৭ জুন ২০২১ তারিখের মধ্যে কলেজে আসতে পারবেন না তারা **০৭ জুন ২০২১** তারিখের মধ্যে **অনলাইনে** ভর্তি কার্যক্রম সম্পন্ন করবেন।

খ। শুধুমাত্র **রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলার অভিভাবকদের জন্য:**

(১) রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলার অভিভাবকদের ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্বশরীরে কলেজে আসার প্রয়োজন নেই। তাদের ভর্তি প্রক্রিয়া অবশ্যই অনলাইনের মাধ্যমে সম্পন্ন করতে হবে।

(২) অনলাইনে ভর্তির সময়সীমা ০১-০৭ জুন ২০২১ তারিখ পর্যন্ত।

(৩) রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলার অভিভাবকদের কলেজে স্বশরীরে এসে ভর্তি কার্যক্রম সম্পন্নের তারিখ পরবর্তীতে জানানো হবে।

২। **অনলাইন ভর্তি প্রক্রিয়া:**

ক। গত ১৮ মে ২০২১ তারিখে কলেজ ওয়েবসাইটে প্রকাশিত ভর্তি নির্দেশিকার অনুচ্ছেদ- ২ এ উল্লেখিত কাগজপত্রাদির (সংযুক্ত তালিকা নিম্নরূপ) স্ক্যান্ড কপি **rcc.adjt@army.mil.bd** ই-মেইল এ্যাড্রেসে মেইলের মাধ্যমে ০৭ জুন ২০২১ তারিখ ১৪০০ ঘটিকার মধ্যে প্রেরণ করতে হবে।

খ। **নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন না করলে প্রার্থী ক্যাডেট কলেজে ভর্তি হতে ইচ্ছুক নয় বলে গন্য করা হবে।**

গ। **অনুচ্ছেদ-২ অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা:**

(১) ৩০০.০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পের উপরে লিখিত ক্যাডেটশীপ গ্রহণের অঙ্গীকারপত্র (অঙ্গীকারপত্রের নমুনা ক্রোড়পত্র-ক)।
(২) ক্যাডেটের ব্যক্তিগত তথ্যাবলী (ক্রোড়পত্র- খ)।
(৩) পিতা/অভিভাবকের মাসিক আয়ের প্রত্যয়ন পত্র (ক্রোড়পত্র-গ)।
(৪) জরুরী চিকিৎসা/অপারেশনের জন্য কলেজ কর্তৃপক্ষকে বন্ড স্বাক্ষরের প্রাধিকার (ক্রোড়পত্র- ঙ)।
(৫) পরিবার নিরাপত্তা প্রকল্পের মনোনয়নপত্র (ক্রোড়পত্র-চ)।
(৬) অবকাশে ক্যাডেটদের গৃহে গমনের প্রত্যয়নপত্র (ক্রোড়পত্র- ছ)।
(৭) প্রাথমিক বৃত্তি সম্পর্কিত তথ্যাবলী (ক্রোড়পত্র- জ)।
(৮) সশস্ত্র বাহিনীর কর্মকর্তা/কর্মচারীদের বিবরণ (ক্রোড়পত্র-ঞ) - (প্রযোজ্য হলে)।
(৯) পূর্বতন বিদ্যালয় হতে জন্ম তারিখ উল্লেখ পূর্বক ছাড়পত্র এবং জন্ম নিবন্ধন সনদপত্র।
(১০) প্রাথমিক সমাপনী পরীক্ষা পাশের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(১১) প্রাথমিক বৃত্তির আদেশের সত্যায়িত কপি (যদি বৃত্তি পেয়ে থাকে) এবং সর্বশেষ বৃত্তি উত্তোলনের তারিখ উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র ০২ কপি।
(১২) ক্যাডেটের পাসপোর্ট সাইজ এবং স্ট্যাম্প সাইজের রঙিন ছবি ০৪ (চার) কপি করে।
(১৩) পিতা ও মাতা উভয়ের পাসপোর্ট সাইজ এবং স্ট্যাম্প সাইজ ছবি ০২ (দুই) কপি করে।
(১৪) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
(১৫) প্রতিষেধক টিকার প্রমাণপত্র/সনদপত্র।
(১৬) চোখের দৃষ্টির সনদপত্র।
(১৭) রক্তের গ্রুপের সনদপত্র।
(১৮) হেপাটাইটিস বি ভ্যাকসিনের প্রমাণপত্র/টেস্টের রিপোর্ট।

ঘ। মেইল প্রেরণের সময় **অবশ্যই** মেইলের সাবজেক্টে নির্ভূলভাবে প্রার্থীর ইনডেক্স নম্বর ও নাম উল্লেখ করতে হবে।

উদাহরণ: Subject: **1122000248, KHALID BIN WALID**

৩। **যোগাযোগ:**

ক। **ভর্তি সংক্রান্ত তথ্যাদি জানার জন্য নিম্নরূপভাবে যোগাযোগ করা যেতে পারে:**

নিযুক্তি	নাম ও পদবী	মোবাইল নম্বর
ব্যাচ কো-অর্ডিনেটর	জনাব মুহাম্মদ মাজেদুর রহমান, সহকারী অধ্যাপক	০১৩২১৯৬৭৭২১
ফর্ম মাস্টার	জনাব মোঃ মোশাররফ হাসান, প্রভাষক	০১৭২৩৫৪২২৭৩
	মিসেস কামরুন নাহার আখন্দ, প্রভাষক	০১৭৩২৬২১৩৩৯

খ। **ভর্তি ফি ও অন্যান্য আর্থিক বিষয় সংক্রান্ত:** ভর্তি ফি ও অন্যান্য আর্থিক বিষয়ে তথ্য জানার জন্য অত্র কলেজের হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ তৌহিদুল ইসলাম (মোবাইল নম্বর ০১৭৫১৭৩৯৫৩০) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৪। **ভর্তি ফি ও অন্যান্য পাওনাদি প্রেরণের হিসাব/বিবরণ:** গত ১৮ মে ২০২১ তারিখে কলেজ ওয়েবসাইটে প্রকাশিত ভর্তি নির্দেশিকার অনুচ্ছেদ- ১০ এর উপ-অনুচ্ছেদ জ, ঝ ও ঞ অনুযায়ী ভর্তি ফি ও অন্যান্য পাওনাদি সোনালি ব্যাংক লিঃ, রাজশাহী ক্যাডেট কলেজ বরাবর নিম্নবর্ণিত হিসাব নম্বরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। পরিশোধিত টাকার কস্ট মেমো/জমা রশিদ এর স্ক্যান্ড কপি **rcccollegefee@gmail.com** ই-মেইল এ্যাড্রেসে মেইলের মাধ্যমে ০৭ জুন ২০২১ তারিখ ১৪০০ ঘটিকার মধ্যে প্রেরণ করতে হবে।

ক। **অনুচ্ছেদ ১০ এর উপ-অনুচ্ছেদ জ:**

ক্রমিক	হিসাবের নাম	হিসাব নম্বর	টাকার পরিমাণ
১।	কলেজ ফি ফান্ড	৪৬১৮৫-৩৩০০১৩৩২	হিসাবরক্ষণ কর্মকর্তার সাথে মোবাইলে যোগাযোগের মাধ্যমে জানা যাবে।
২।	সিকিউরিটি ফান্ড	৪৬১৮৫-৩৪০১৮৭৫৫	২৫,০০০/-
৩।	প্রাইভেট ফান্ড	৪৬১৮৫-৩৪০১৯০০২	৯৫০/-
৪।	ক্যাডেট সামগ্রী ফান্ড	৪৬১৮৫-৩৪০০৬৩৬৩	৭,৪৫৫/-
৫।	ক্যাডেট সামগ্রী ফান্ড (টিকা - প্রযোজ্য ক্ষেত্রে)	৪৬১৮৫-৩৪০০৬৩৬৩	১,৩০০/-
৬।	অভ্যন্তরীণ পরীক্ষা ফি ফান্ড	৪৬১৮৫-৩৪০১০৮৫২	১,৪১৫/-

খ। **অনুচ্ছেদ ১০ এর উপ-অনুচ্ছেদ ঝ:** পকেট মানি বাবদ ২,০০০.০০ টাকা (স্বশরীরে উপস্থিতির দিন) নগদ জমা দিতে হবে।

গ। **অনুচ্ছেদ ১০ এর উপ-অনুচ্ছেদ ঞ:** হাউসের লকার সাজ-সজ্জাকরণ, ব্যাংকে হিসাব খোলা ও ছবি তোলা বাবদ ১০০০.০০ টাকা (স্বশরীরে উপস্থিতির দিন) নগদ জমা করতে হবে।

৫। ইতিমধ্যে যারা কলেজে যোগাযোগ করে কলেজে স্বশরীরে আসার জন্য দিন নির্ধারণ করেছেন তারা (শুধুমাত্র রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলা ব্যতীত) নির্ধারিত তারিখে কলেজে আসতে পারবেন। তবে আপনি যে তারিখেই আসুন না কেন অনলাইন ভর্তির কার্যক্রম ০১-০৭ জুন ২০২১ তারিখের মধ্যে **অবশ্যই** সম্পন্ন করতে হবে।